অন্ধকারের মাঝে আমায় ধরেছ দুই হাতে ।
কখন্ তুমি এলে, হে নাথ, মৃদু চরণপাতে ?।
ভেবেছিলেম, জীবনস্বামী, তোমায় বুঝি হারাই আমি –
আমায় তুমি হারাবে না বুঝেছি আজ রাতে ॥
যে নিশীথে আপন হাতে নিবিয়ে দিলেম আলো
তারি মাঝে তুমি তোমার ধ্রুবতারা জ্বালো ।
তোমার পথে চলা যখন ঘুচে গেল, দেখি তখন
আপনি তুমি আমার পথে লুকিয়ে চল সাথে ॥

---